দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...11.NOV. 2015 ...
পৃষ্ঠা ১৫ কলাম ... 2 ......

# কালকিনিতে স্কুলে শিক্ষক নিয়োগে অনিয়ম

নিজস্ব সংবাদদাতা, মাদারীপুর ও কালকিনি, ১০ নবেম্বর ॥ উপজেলার নবগ্রাম উচ্চ বিদ্যালয়ের শিক্ষক নিয়োগে বিদ্যালয়ের প্রধান শিক্ষক, ম্যানেজিং কমিটির সভাপতি ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে সোমবার সকালে অনিয়ম এবং দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। এ নিয়ে এলাকায় উত্তেজনা বিরাজ করছে। জানা গেছে, নবগ্রাম উচ্চ বিদ্যালয়ে সহকারী প্রধান, শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষার জন্য প্রার্থীদের

**নবগ্রাম উচ্চ বিদ্যালয়**

আহ্বান করা হয়। কিন্তু গোপনে যাতে শিক্ষক না নেয়া হয় তার জন্য জেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর স্কুল কমিটির সদ্যসারা এক লিখিত অভিযোগ করেন। তাদের এ লিখিত অভিযোগের তোয়াক্কা না করে গোপনে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষকের যোগসাজশে পূর্বের আবেদনকারীদের না জানিয়ে স্বার্থ হাসিলের উদ্দেশে নিজেদের মনমত করে ৫ লাখ টাকা ঘুষ গ্রহণ করে শিক্ষক নিয়োগ করেছেন বলে অভিযোগে উল্লেখ করা হয়। ফলে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যরা ও শিক্ষক পদের আবেদকারীরা তীব্র ক্ষোভ প্রকাশ করেন। শুধু তাই নয় বিষয়টি নিয়ে এলাকার সাধারণ মানুষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

এ ব্যাপারে নবগ্রাম উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য সন্ধা হালদার, সুপেন ঢালী, নীতিশ মন্ডল ও রবীন্দ্রনাথ মৃধাসহ বেশ কয়েকজন অভিযোগ করে বলেন, 'পূর্বের প্রার্থীদের না জানিয়ে তারা তাদের ইচ্ছেমত শিক্ষক নিয়োগের প্রক্রিয়া চূড়ান্ত করে। আমরা বাছাই পরীক্ষা বাতিলের দাবি জানাচ্ছি'। এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক সদেব চন্দ্র বাড়ৈর সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি সুভাষ চন্দ্র হালদার বলেন, 'আমাদের বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে তা মিথ্যা'। কালকিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিশ্বজিৎ রায় বলেন, 'পরীক্ষা হয়ে গেছে, এখন নিয়োগ দেয়া ম্যানেজিং কমিটির কাজ'।